

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

- (৫) সূরা ফাতিহা শেষে তিনবার আমীন বলা
- (৫) সূরা ফাতিহা শেষে তিনবার আমীন বলা:

অনেক স্থানে ছালাতে সূরা ফাতিহা শেষ করে তিনবার আমীন বলার প্রচলন দেখা যায়। কিন্তু উক্ত মর্মে যে দু'একটি বর্ণনা পাওয়া যায় তা যঈফ।

(أ) عَنْ عَبْدِ الْجَبَّارِ بن وَائِلٍ عَنْ أَبِيْهِ قَالَ رَأَيْتُ رَسُوْلَ اللهِ دَخَلَ فِي الصَّلاةِ فَلَمَّا فَرَغَ مِنْ فَاتِحَةِ الْكِتَابِ قَالَ آمِيْنَ ثَلاثَ مَرَّات.

(ক) আব্দুল জাববার ইবনু ওয়ায়েল তার পিতার সূত্রে বর্ণনা করেন যে, আমি রাসূলুল্লাহ (ছাঃ)-কে ছালাতে প্রবেশ করতে দেখেছি। যখন তিনি সূরা ফাতিহা শেষ করতেন, তখন তিনবার আমীন বলতেন।[1]

তাহকীক : বর্ণনাটি যঈফ। এর সনদে আবু ইসহাক ও সা'দ ইবনু ছালত নামে দুইজন যঈফ রাবী আছে।[2]

(ب) عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ مَا حَسَدَتْكُمْ الْيَهُوْدُ عَلَى شَيْءٍ مَا حَسَدَتْكُمْ عَلَى آمِيْنَ فَأَكْثِرُوْا مِنْ قَوْلِ آمِيْنَ.

(খ) ইবনু আব্বাস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ইহুদীরা তোমাদের 'আমীন' বলার প্রতি যত হিংসা করে অন্য কোন বিষয়ে তত হিংসা করে না। সুতরাং তোমরা বেশী বেশী 'আমীন' বল।[3]

তাহকীক : যঈফ। এর সনদে ত্বালহা ইবনু আমর আল-হাযরামী নামে একজন যঈফ রাবী আছে।[4]

অতএব ছালাতে একবারই আমীন বলতে হবে। রাসূল (ছাঃ) ও ছাহাবায়ে কেরাম একবারই আমীন বলেছেন।[5]

ফুটনোট

- [1]. ত্বাবারাণী, মু'জামুল কাবীর হা/১৭৫০৭।
- [2]. তানকীহুল কালাম, পৃঃ ৩৯৩।
- [3]. ইবনু মাজাহ হা/৮৫৭; যঈফ তারগীব হা/২৭০।
- [4]. হাশিয়া সিন্দী ২/২৪৭ পৃঃ।



[5]. ছহীহ বুখারী হা/৭৮০, ১ম খন্ড, পৃঃ ১০৭; ছহীহ মুসলিম হা/৯৪২, ১ম খন্ড, পৃঃ ১৭৬।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1915

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন